

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ এপ্রিল ২০২৩খ্রি.

### কর আদায়ে স্বচ্ছতা চান মেয়র

বাড়তি কর নির্ধারণ করে জনভোগান্তি সৃষ্টির পরিবর্তে স্বচ্ছতার মাধ্যমে কর আদায় বৃদ্ধি করতে চান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার এক বাটিকা সফরে মেয়র নিউ মার্কেটস্থ রাজস্ব সার্কেল-৪ কার্যালয় পরিদর্শনে গিয়ে মেয়র বলেন, জনভোগান্তি হ্রাসে আমার কৌশল হলো হোল্ডিং নাম্বারের সংখ্যা বাড়াতে হবে আর কারো নামে অতিরিক্ত ট্যাক্স বসানো হলে তা আপিল বোর্ডের মাধ্যমে কমিয়ে দিতে হবে। যারা বহুতল বাড়ি করেও গৃহকর দিচ্ছেনা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিব।

"তদারকির অভাবে ট্রেড লাইসেন্স ছাড়া অনেকে ব্যবসা করছে। কর আদায় কর্মকর্তাদের অবহেলাতে এই চর্চা চট্টগ্রামের অনেক এলাকায় ব্যাপকভাবে দেখা যাচ্ছে। অনেক কর্মচারী যথাসময়ে উপস্থিত থাকেন না যা শৃঙ্খলা বিরোধী এবং শাস্তিযোগ্য অপরাধ। চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে আয় করে ব্যয় করতে হয় তাই চট্টগ্রামের উন্নয়ন কার্যক্রম চলমান রাখতে কর আদায় বাড়াতে হবে।"

এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর আবদুস সালাম মাসুম, গাজী মোঃ শফিউল আজিম, কর কর্মকর্তা নুরুল আলম, উপ-কর কর্মকর্তা বিপ- ব কুমার চৌধুরী, সাইফুল আলম, তুষার দাশ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮